



১. অনলাইনে ভর্তির সকল কর্মক্রম <https://student.eis.du.ac.bd> ওয়েবসাইটের মাধ্যমে সম্পন্ন করতে হবে।
২. ওয়েবসাইটে লগইন করার জন্য প্রথমেই একটি রেজিস্ট্রেশন ফরম পূরণ করতে হবে যেখানে শিক্ষার্থীকে তার রেজিস্ট্রেশন নম্বর, ভর্তি পরীক্ষা/উচ্চ মাধ্যমিক/মাধ্যমিকের রোল, বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর, ইমেইল এড্রেস এবং পাসওয়ার্ড দিতে হবে।
৩. পরবর্তী পেজে শিক্ষার্থীকে গ্রামীণফোন ব্যতীত যেকোন মোবাইল নম্বর থেকে ১৬৩২১ নম্বরে একটি SMS করতে বলা হবে। ফিরতি SMS এ শিক্ষার্থী একটি one time password(OTP) পাবে যা নির্ধারিত বক্সে ইনপুট দিয়ে ওয়েবসাইটে তার নিবন্ধন সম্পন্ন করবে।
৪. এরপর লগইন পেজে শিক্ষার্থী তার রেজিস্ট্রেশন নম্বর এবং পাসওয়ার্ড ব্যবহার করে ড্যাশবোর্ডে যেতে পারবে।
৫. ড্যাশবোর্ড থেকে বা-পাশের মেনুতে প্রদর্শিত ভর্তি/তালিকাভুক্তি বাটনে ক্লিক করে শিক্ষার্থী স্নাতক পূর্ব/স্নাতকোত্তর ভর্তি সম্পন্ন করতে পারবে।
৬. সঠিকভাবে ভর্তি ফরম পূরণ করলে বা-পাশের মেনুতে প্রদর্শিত ফি প্রদান বাটনে ক্লিক করার মাধ্যমে মাই পেমেন্ট পেজে যেতে পারবে। এখানে উল্লেখিত পে-স্লিপ বাটনে ক্লিক করে সে তার জমা রসিদ ডাউনলোড করতে পারবে এবং সেটা ব্যবহার করে জনতা ব্যাংকের যেকোন শাখায় উল্লেখিত ফি জমা দিতে পারবে। অথবা পেমেন্ট বাটনে ক্লিক করে তাৎক্ষণিকভাবে অনলাইনে ফি প্রদান করা যাবে। তবে অনলাইনে ফি জমার ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের মোট ফি এর সাথে অনলাইন সেবাদানকারী প্রতিষ্ঠান ১.৩৫% হারে অনলাইন পেমেন্ট কাজ গ্রহণ করবে।
৭. সঠিকভাবে ফি প্রদান সম্পন্ন হলে শিক্ষার্থীকে পরবর্তী পেজে একটি কনফার্মেশন মেসেজ দেখানো হবে এবং শিক্ষার্থী তার মাই পেমেন্ট পেজ থেকে ফি রসিদ ডাউনলোড করতে পারবে এবং এর মাধ্যমে শিক্ষার্থীর ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে।
৮. ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হলে বা-পাশের মেনুতে প্রদর্শিত পরীক্ষা সংক্রান্ত বাটনে ক্লিক করলে শিক্ষার্থী পরীক্ষা নিয়ন্ত্রক অফিসের অনলাইন ফরম পূরণ পেজ দেখতে পাবে। সঠিক নিয়মে ফর্ম পূরণ করে ওই ওয়েবসাইট থেকেই পরীক্ষার প্রবেশ পত্র ডাউনলোড করা যাবে।